চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।

===========================

অফিস আদেশ ========= তারিখ :- ০২-০৬-১৯৯৬ ইং

বড় হরিনা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, ডাকঘর- বরকল, থানা- বরকল, জেলা- রাংগামাটি, ১৯৬২ সনের বেসরকারী বিদ্যালয় নিবন্ধিকরন অধ্যাদের উপধারা-(৩), ধারা (৪) এ বর্নিত শর্তাদি বিদ্যালয় কর্তৃপক্ষ পরিপুরন করায় এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকার স্মারক নং-৩এম/১০১-ম/৯৬/৬৭৩০/৩-ম, তারিখ-২২-০৫-৯৬ ইং পত্রযোগে দেওয়া অনুমতির প্রেক্ষিতে বিদ্যালয়টিকে ১-১-১৯৯৫ ইং তারিখ হইতে নিম্ন মাধ্যমিক বিদ্যালয় হিসাবে নিবন্ধিকরন করা হইল এবং একই সংগে নিম্ন বর্নিত শর্তারোপ করিয়া ১-১-৯৫ ইং তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য একাডেমীক স্বীকৃতি দেওয়া হইল ঃ- এই স্বীকৃতি দেওয়ার ফলে সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাইবেনা ঃ

শর্তাদি :-

১। এই আদেশ জারীর তারিখ হইতে ৩০ দিনের মধ্যে ৯ সদস্য বিশিষ্ট ১ (এক বৎসর মেয়াদী একটি কার্যনির্বাহী কমিটি গঠন করিয়া সভাপতির মাধ্যমে এঅফিস হইতে অনুমোদনের জন্য দাখিল করিতে হইবে। (প্রস্তাব কপিতে অবশ্যই থানা নির্বাহী কর্মকর্তার প্রতিস্বাক্ষর থাকিতে হইবে)।

২। বিদ্যালয়ের প্রধান শিক্ষক কে বি,এড প্রশিক্ষন গ্রহন করিতে হইবে।

৩। বিদ্যালয়ে একজন কৃষি শিক্ষক নিয়োগ করিতে হইবে।

৪। বিদ্যালয়ের জন্য আরও আসবাব পত্র তৈরী করিতে হইবে এবং খেলাধুলার সামগ্রীর ব্যবস্থা করিতে হইবে।

৫। বিদ্যালয় গৃহ আরও সম্প্রসারণ করিতে হইবে।

৬। বিদ্যালয়ের পাঠাগারের জন্য আরও ৫০০০/- টাকার বই ক্রয় করিতে হইবে এবং ছাত্র/ছাত্রীদের -কে উক্ত বই পাঠের জন্য উৎসাহ দান করিতে হইবে।

৭। দ্যিালয়ের চারিপার্শ্বে খালী জায়গায় মুল্যবান ও ফলবান বৃক্ষের চারা রোপন করিয়া ঐগুলির সুষ্ঠু রক্ষনা বেক্ষনের ব্যবস্থা করিতে হইবে।

৮। ছাত্র/ছাত্রীর সংখ্যা বৃদ্ধি করতঃ নিয়মিত উপস্থিতি সুনিশ্চিত করিতে হইবে।

স্বাক্ষরঃ- রেহানা চৌধুরী,
উপ-পরিচালক,
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর,
চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।

স্মারক নং :- ৮৪০৬/৪১/৯ তারিখ :- ৪/৬/৯৬ ইং

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরন করা হইল :-

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

২। জেলা শিক্ষা অফিসার, রাংগামাটি।

৩। প্রধান শিক্ষক, বড় হরিণা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, ডাকঘর- বরকল, থানা-বরকল, জেলা-রাংগামাটি পার্বত্য জেলা।

৪। সংরক্ষন নথি।

৩/৬/৯৬
উপ-পরিচালক,
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর,
চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।